

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল  
সাধারণ শাখা  
[www.narail.gov.bd](http://www.narail.gov.bd)

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ য খাযোগ্য মর্যাদার উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত  
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ এমদাদুল হক চৌধুরী  
জেলা প্রশাসক, নড়াইল  
তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০১৮  
সময়: বিকাল ০৩:০০ ঘটিকা  
স্থান: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সুধীমন্ডলী পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চারনেতা এবং মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী মহান শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ব উদাত্ত আহবানে সাড়া দিয়ে তাঁর নেতৃত্বে জাতি ঐক্যবদ্ধভাবে মহান স্বাধীনতা যুদ্ধে বাঁপিয়ে পড়ে এবং বহু ভ্যাগের বিনিময়ে ছিনিয়ে আনে আমাদের দীর্ঘ প্রাণীকৃত স্বাধীনতা। বিশ্বের মানচিত্রে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসাবে স্থান করে নেয় আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ। জাতীয় জীবনের অত্যন্ত তাৎপর্যপূর্ণ ২৫ এবং ২৬ মার্চ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপনের জন্য জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়ন এবং ২৬ মার্চ বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত সুধীজনকে মতামত প্রদানের অনুরোধ জানানো হয়। উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে নিম্নরূপভাবে কর্মসূচি পালনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়:

২৫ মার্চ গণহত্যা এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ এর কর্মসূচি :

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে
১ হতে ২৫ মার্চ ২০১৮	স্কুল, কলেজ, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনাসভা	জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান	সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান
২৫ মার্চ ২০১৮ সকাল ১১:০০	গণহত্যা দিবসের উপর আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়, নড়াইল	উদ্‌যাপন কমিটি
২৫ মার্চ ২০১৮ সুবিধাজনক সময়ে	২৫ মার্চ রাত্রে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা	নড়াইল জেলার সকল ধর্মীয় প্রতিষ্ঠান	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নড়াইল
২৫ মার্চ ২০১৮	গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন	জেলার বিভিন্ন জনবহুল স্থান	উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং থেলা তথ্য অফিসার, নড়াইল
২৫ মার্চ ২০১৮ রাত ৯.০০-৯.০১ মিনিট পর্যন্ত	প্রতীকী ব্ল্যাক-আউট ১ মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)	নড়াইল জেলার সর্বত্র	নির্বাহী প্রকৌশলী, গুজোপাড়িকো লি. এবং ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইল
২৬ মার্চ ২০১৮ প্রত্যুষে	৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা	নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়ের মাঠ, নড়াইল	তোপধ্বনি উপকমিটি
২৬ মার্চ ২০১৮ সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি/বেশরকারি/স্বায়ত্তশাসিত ভবনসমূহ	জাতীয় পতাকা পর্যবেক্ষণ উপকমিটি
২৬ মার্চ ২০১৮ সূর্যোদয়ের সাথে সাথে (সকাল ৬:০১) শুরু করে পর্যায়ক্রমে	মুক্তিযুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধাজলি	মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ, জেলা শিল্প কলা একাডেমি চত্বর নড়াইল	স্মৃতিস্তম্ভ, বধ্যভূমি, গণকবর এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ উপকমিটি
	শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনার্থে মোনাজাত ও পুষ্পস্তবক অর্পণ	জেলা জেজ কোর্ট সংলগ্ন (বধ্যভূমি)	
	গণকবর জিয়ারত ও পুষ্পস্তবক অর্পণ	পানি উন্নয়ন বোর্ড চত্বর, রূপগঞ্জ, নড়াইল	
	জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ	জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, রূপগঞ্জ, নড়াইল	

